# নিজের টাকায় পোস্টার ‘প্রচারে এলাকাবাসী’ লিখে প্রচার লজ্জা লাগে: এনসিপি নেত্রী



সংগৃহীত ছবি

নির্বাচনে অংশ নিতে গিয়ে নিজের অর্থে পোস্টার ছাপিয়ে তাতে ‘প্রচারে এলাকাবাসী’ লিখতে হয়— বিষয়টি নিয়ে তীব্র ব্যঙ্গ করে ক্ষোভ প্রকাশ করেছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) যুগ্ম মুখ্য সংগঠক ডা. মাহমুদা মিতু।

শনিবার (৮ নভেম্বর) রাত সোয়া নয়টার দিকে নিজের ভেরিফায়েড ফেসবুক আইডিতে দেওয়া এক হাস্যরসাত্মক পোস্টে তিনি লিখেছেন, “ভাবতেই শরম লাগে— ইলেকশন করতে হলে নিজের পয়সায় পোস্টার বানাতে হয়, নিজের প্রচার নিজেকেই করতে হয়, আর তাতে আবার লিখতে হয় ‘প্রচারে এলাকাবাসী’। শুরুটাই হয় এলাকাবাসীর মাথায় কাঁঠাল ভেঙে।”

পোস্টের সঙ্গে তিনি অনুসারীদের তৈরি একটি নির্বাচনী পোস্টারও যুক্ত করেন, যেখানে উল্লেখ করা হয়েছে যে তিনি ঝালকাঠি-১ আসনে এনসিপির হয়ে ‘শাপলার কলি’ প্রতীক নিয়ে প্রতিদ্বন্দ্বিতা করবেন।

হাস্যরসের ছলে পোস্টারটির প্রশংসা করে তিনি আরও লেখেন, “এই ফটোকার্ডটা কে বানাইছে? সে একটু কমেন্ট করে। ইলেকশন ম্যাটার না, কিন্তু ফটোকার্ডটা এত সুন্দর হইছে যে আপলোড না দিয়ে পারলাম না।”

ডা. মিতুর এই ব্যঙ্গাত্মক পোস্টটি মুহূর্তেই সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ে। অনেকেই তার রসবোধের প্রশংসা করেন, আবার কেউ কেউ বর্তমান রাজনৈতিক বাস্তবতার প্রতি তার সূক্ষ্ম ইঙ্গিত নিয়ে মন্তব্য করেন।